

সংবাদ প্রকাশের জেরে সাংবাদিককে হামলা-মামলার হুমকির অভিযোগ

কাওসারুল মামুন (রাজু), সোনারগাঁ প্রতিনিধি:
Published : Tuesday, 1 September, 2026

৬ ছবি অ + অ - অ



সংবাদ প্রকাশের জেরে সাংবাদিককে হামলা ও মামলার হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে কলাপাতা বাগারের পরিচালক মামুন শিকদারের বিরুদ্ধে। এ ঘটনায় নিরাপত্তা চেয়ে সোনারগাঁ থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন দৈনিক দি নিউ নেশন-এর সোনারগাঁ প্রতিনিধি জহিরুল ইসলাম সিরাজ।

সাংবাদিক জহিরুল ইসলাম সিরাজ জানান, গত ২৯ আগস্ট আল মদিনা শপিং মলের মালিক মাজহারুল ইসলাম একটি সংবাদ সম্মেলনের আয়োজন করেন। সেখানে তিনি মামুন শিকদারের বিরুদ্ধে প্রাণনাশের হুমকিসহ বিভিন্ন অভিযোগ তুলে ধরেন। সংবাদ সম্মেলনে বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা উপস্থিত ছিলেন। ওই সংবাদ সম্মেলনে দেওয়া বক্তব্যের ভিত্তিতে পরবর্তীতে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়।

তিনি বলেন, সংবাদ প্রকাশের পরদিন মামুন শিকদার তাকে ফোন করে কেন ওই সংবাদ প্রকাশ করা হয়েছে, সে বিষয়ে কৈফিয়ত চান। একপর্যায়ে তাকে হামলা ও মামলার হুমকি দেওয়া হয় বলে অভিযোগ করেন তিনি। এ-সংক্রান্ত একটি অভিও রেকর্ডও সাংবাদিকদের শোনানো হয়েছে।

জহিরুল ইসলাম সিরাজ আরও বলেন, এর আগেও সংশ্লিষ্ট ব্যক্তিদের পক্ষ থেকে সংবাদ প্রকাশের বিষয়ে সাংবাদিকদের ভয়ভীতি দেখানোর ঘটনা ঘটেছে। একজন সংবাদকর্মী হিসেবে তিনি নিজের নিরাপত্তা নিয়ে উদ্বেগ। এ কারণে বিষয়টি সোনারগাঁ থানাকে অবহিত করে মামুন শিকদারের বিরুদ্ধে একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন।

তিনি বলেন, একজন সাংবাদিক হিসেবে জনগণের সামনে তথ্যভিত্তিক সংবাদ তুলে ধরা তার দায়িত্ব। সংবাদ প্রকাশের কারণে কোনো সাংবাদিককে হামলা, মামলা বা ভয়ভীতি দেখানো হলে তা স্বাধীন সাংবাদিকতার ওপর চাপ সৃষ্টি করে।

এদিকে, সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে সরকারি গ্যাস অবৈধভাবে ব্যবহারের অভিযোগে মামলা হয়েছে বলেও দাবি করেন সাংবাদিক জহিরুল ইসলাম সিরাজ। তার অভিযোগ, সংশ্লিষ্ট রেস্টুরেন্ট, বেকারি ও মিষ্টি তৈরির কারখানাসহ বিভিন্ন প্রতিষ্ঠানে অবৈধ গ্যাস ব্যবহার করা হচ্ছে। তবে এসব অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তদন্তের মাধ্যমে প্রকৃত তথ্য বেরিয়ে আসবে বলে তিনি জানান।

অভিযোগের বিষয়ে কলাপাতা বাগারের পরিচালক মামুন শিকদার বলেন, “আমি কোনো হুমকি দিইনি। আমি শুধু বলেছি, আপনি যে সংবাদ প্রকাশ করেছেন, সেখানে আমার বক্তব্য নেওয়া হয়নি। আমি চাইলে আইসিটি আইনে মামলা করতে পারি।”

সাংবাদিক জহিরুল ইসলাম সিরাজ তার সহকর্মীদের কাছে বিষয়টি তুলে ধরে প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেছেন। একই সঙ্গে নিজের নিরাপত্তা নিশ্চিত করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়েছেন।

« পূর্ববর্তী সংবাদ

পরবর্তী সংবাদ »

আরও খবর

-  খাদ্যে ভেজালবিরোধী অভিযান: লালমনিরহাটে রঙ মেশানো ডাল বিক্রিতে জরিমানা
-  সোনারগাঁয়ে বাসে 'হাফ ভাড়ার' দাবিতে শিক্ষার্থীদের মহাসড়ক অবরোধ। যানজট
-  মালয়েশিয়ায় সড়ক দুর্ঘটনায় ব্রাহ্মণবাড়িয়ার যুবক নিহত
-  বগুড়ায় টিএমএসএস এর উপদেষ্টা প্রফেসর আনসার তালুকদারের সুস্থতা কামনায় দোয়া মাহফিল
-  সাবেক সেনা সদস্য নির্বোজ, থানায় জিডি

-  আবরার হত্যাকাণ্ডের দ্রুত বিচার নিশ্চিতের আশাস প্রধানমন্ত্রীর
-  সেন্টমার্টিনে ৪ লাখ ১০ হাজার পিস ইয়াবা ও ২১ কেজি ৫০০ গ্রাম হেরোইন জব্দ
-  বিশ্ব দৃষ্টি দিবস উপলক্ষে বগুড়ায় গাক চক্ষু হাসপাতালে র‍্যালী ও সভা অনুষ্ঠিত
-  হাণ্ডুয়াঘাটে পুকুরে মিলল ৪ বছরের শিশু মাসতুরার মরদেহ, হত্যা মামলায় গ্রেপ্তার ৪
-  সোনারগাঁয়ে দুর্গাপূজায় সর্বোচ্চ নিরাপত্তার আশ্বাস এমপি মাম্মানোর

সর্বশেষ সংবাদ

- পান্ডিয়া স্টোরের অভিনেত্রীকে রাস্তায় হেনস্তার অভিযোগ, পুলিশের বিরুদ্ধেও সিমরানের বিচ্ছেদার দাবি!
- খাদ্যে ভেজালবিরোধী অভিযান: লালমনিরহাটে রঙ মেশানো ডাল বিক্রিতে জরিমানা
- আবরার হত্যাকাণ্ডের দ্রুত বিচার নিশ্চিতের আশাস প্রধানমন্ত্রীর
- সোনারগাঁয়ে বাসে 'হাফ ভাড়ার' দাবিতে শিক্ষার্থীদের মহাসড়ক অবরোধ। যানজট
- সেন্টমার্টিনে ৪ লাখ ১০ হাজার পিস ইয়াবা ও ২১ কেজি ৫০০ গ্রাম হেরোইন জব্দ
- মালয়েশিয়ায় সড়ক দুর্ঘটনায় ব্রাহ্মণবাড়িয়ার যুবক নিহত
- বিশ্ব দৃষ্টি দিবস উপলক্ষে বগুড়ায় গাক চক্ষু হাসপাতালে র‍্যালী ও সভা অনুষ্ঠিত
- বগুড়ায় টিএমএসএস এর উপদেষ্টা প্রফেসর আনসার তালুকদারের সুস্থতা কামনায় দোয়া মাহফিল
- ই-সিগারেট ও সকল উদীয়মান নিকেটিন পণ্য নিষিদ্ধ ৩৫টি সংগঠনের সম্মিলিত আহ্বান
- হাণ্ডুয়াঘাটে পুকুরে মিলল ৪ বছরের শিশু মাসতুরার মরদেহ, হত্যা মামলায় গ্রেপ্তার ৪

=>সর্বশেষ সব খবর...

সর্বাধিক পঠিত

- কমলনগরে উপজেলা যুবদল নেতা ও গ্রামা আদালতের প্যানেল চেয়ারম্যান রকি বহিষ্কার
- কমলনগরে অভিনব প্রতারণায় লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছেন ভুয়া কবিরাজ
- দেব-সুভদ্রীর রসায়নে মুক্ধ নেটদুনিয়া, উঠল রাজ-কব্জিবীকে নিয়ে প্রশ্ন!
- ইরান নিয়ে ট্রান্সপের কড়া বার্তা, সানায় হামলায় মধ্যপ্রাচ্যে নতুন উত্তেজনা
- হাতের লেখা
- সুনামগঞ্জে হাওর অঞ্চলের সাংবাদিকতা ও জুলাই-পরবর্তী গণমাধ্যম নিয়ে শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত
- মেসির শেষ অনুশীলন, সামনে বিদায়ের মঞ্চ—আর্জেন্টিনার জার্সিতে শেষবার মাঠে নামছেন কিংবদন্তি
- মাধবপুরে পিকআপের ইঞ্জিনে ৭৮০০ ইয়াবা, যুবক গ্রেপ্তার
- জানুয়ারির বিক্ষেপে গ্রেপ্তার ৩৩ জনের মৃত্যুদণ্ড কার্যকর, ইরানে আরও ১০০ জন ঝুঁকিতে!
- এলপিজির দাম বাড়ল, আজ থেকেই কার্যকর

- সারাদেশ
- জাতীয়
- রাজনীতি
- অর্থনীতি

- আইন-আদালত
- রাজধানী
- আন্তর্জাতিক
- খেলা

- বিনোদন
- শিক্ষা
- বিজ্ঞান ও প্রযুক্তি
- জীবনের রঙ

- স্বাস্থ্য
- মতামত
- পরিবেশ
- অন্যান্য খবর



সম্পাদক, প্রকাশক ও মুদ্রাকর: মোহাম্মদ নিজাম উদ্দিন জিটু

সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্ল্যানার্স টাওয়ার, ১০তলা, ১৩/এ বীর উত্তম সি আর দত্ত রোড, বাংলামটর, শাহবাগ, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন: +৮৮-০২-৪১০৬৪১১১, ৪১০৬৪১১২, ৪১০৬৪১১৩, ৪১০৬৪১১৪, ফ্যাক্স: +৮৮-০২-৯৬১১৬০৪, ইটলাইন : +৮৮-০১৯২৬৬৭০০৩৪
ই-মেইল : pressgonokantho@gmail.com, videogonokantho@gmail.com, cvgonokantho@gmail.com,
editorgonokantho@gmail.com, web : www.gonokantho.com

